

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

স্মারক নং-২২.০২.০০০০.০১২.৫৪.০১১.১৫. ২৩৩

তারিখ : ০৯/০৯/১৪২২ বঙ্গাব্দ
২৩/১২/২০১৫ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

নির্মল বায়ু সুস্থ জীবনের পূর্বশর্ত। শুধু মানুষ নয় বরং অন্যান্য জীবজন্তু, উদ্ভিদ, পানি ও মাটির ক্ষেত্রেও তা প্রয়োজন। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, জীবন যাত্রার মানোন্নয়ন, শিল্পায়ন ইত্যাদি কারণে দেশের উন্নয়ন কর্মকাণ্ডের প্রসার ঘটেছে। একই সাথে রাস্তায় যান্ত্রিক বাহনের সংখ্যা ও প্রকল্প বাস্তবায়নের সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। ফলে বায়ুর গুণগতমানের অবক্ষয় ঘটছে। আবার শীত মৌসুমে স্বল্প বৃষ্টিপাত ও শুকনো আবহাওয়ার কারণে স্বাভাবিকভাবে বায়ু দূষণ বৃদ্ধি পায়। পরিবেশ অধিদপ্তরের সার্বক্ষণিক বায়ুমান পরিবীক্ষণ স্টেশন থেকে প্রাপ্ত তথ্যে বড় কয়েকটি শহরে বায়ুর মান প্রত্যাশিত মাত্রার উপরে বিরাজ করছে। বায়ুর গুণগতমান রক্ষার্থে সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ পরামর্শ মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো:

- ✓ ইট তৈরির অদক্ষ পদ্ধতি ব্যবহার না করে পরিবেশবান্ধব জ্বালানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তি ব্যবহার করুন;
- ✓ যানবাহনের দূষণ হ্রাসের জন্য গাড়ি নিয়মিত মেইনটেন্যান্স, ফিটনেস পরীক্ষা ও গাড়িতে ভেজালমুক্ত লুব্রিকেন্ট ব্যবহার করুন;
- ✓ যানজট সৃষ্টি হয়ে যাতে অধিক ধোঁয়া নির্গত না হয় সেজন্য ট্রাফিক আইন মেনে চলুন;
- ✓ নির্মাণকাজের সময় চারপাশ ঢেকে রাখুন ও নিয়মিত পানি ছিটিয়ে বায়ুদূষণ রোধ করুন;
- ✓ নির্মাণ সামগ্রী ঢেকে পরিবহন করুন;
- ✓ রাস্তা খোঁড়া ও এধরণের কার্যক্রমে শুরু থেকে শেষ পর্যন্ত নির্ধারিত স্থানটি যতদূর সম্ভব ঢেকে রাখুন ও নিয়মিত পানি ছিটিয়ে বায়ুদূষণ রোধ করুন;
- ✓ স্টীল, রি-রোলিং মিল ও সিমেন্ট কারখানাসহ বায়ু দূষণকারী শিল্প প্রতিষ্ঠানসমূহে ডাস্ট কালেক্টরসহ বস্তুকণা নিয়ন্ত্রণমূলক যন্ত্রপাতিসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণ ও চালু রাখুন;
- ✓ ধুলোবালি কমাতে বাড়ির চারপাশে সবুজায়ন করুন।

বায়ু দূষণ রোধ করি - বাসযোগ্য ভবিষ্যৎ গড়ি

মোঃ রইছউল আলম মন্ডল
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর